দৈনিক বাংলা

তারিখ 28 FEB 1993
পৃষ্ঠা ৬ কলাম ৫

# ঢাকা ভার্সিটি ৫ জনকে পিএইচডি ডিগ্রী দিয়েছে

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সম্প্রতি পাঁচজন গবেষককে পিএইচডি এবং দুই-জনকে এমফিল ডিগ্রী প্রদান করেন। পিএইচডি ডিগ্রী পেয়েছেন বাংলা বিভাগের অধীনে গীতা রানী কর্মকার, রাশিদা বেগম ও অনাথ বন্ধু মল্লিক, রসায়ন বিভাগের অধীনে আখতার উদ্দিন আহমেদ এবং ভূগোল বিভাগের অধীনে মাসফেরা বেগম।

অধ্যাপক মোঃ আবু জাফরের তত্ত্বাবধানে পরিচালিত "মানিক বন্দ্যোপাধ্যায়ের ছোট গল্প ঃ শৈলী ও বিষয়" শীর্ষক অভিসন্দর্ভের জন্য গীতা রানীকে, ডঃ আবুল কালাম মনজুর মোরশেদের তত্ত্বাবধানে পরিচালিত "বাংলা অনুসর্গের গঠন প্রকৃতি ও বাক্যে অনুসর্গের ভূমিকা" শীর্ষক অভিসন্দর্ভের জন্য রাশিদা বেগমকে, অধ্যাপক মোহাম্মদ মনিরুজ্জামানের তত্ত্বাবধানে পরিচালিত "অন্নদাশংকর রায়ের সাহিত্য ঃ দেশ কাল ও ভাবসম্পদ" শীর্ষক অভিসন্দর্ভ রচনার জন্য অনাথ বন্ধু মল্লিককে, অধ্যাপক এ জেড হায়দারের তত্ত্বাবধানে পরিচালিত "ইনোভেশন অব বিল্ডিং ম্যাটেরিয়ালস ফ্রম ইনডিজিনাস সোর্সেস অব বাংলাদেশ এ্যান্ড স্টাডিজ অব দেয়ার ফিজিকো-কেমিক্যাল প্রোপার্টিস" শীর্ষক অভিসন্দর্ভ রচনার জন্য আখতারকে এবং অধ্যাপক খন্দকার নিজাম-উদ্দিনের তত্ত্বাবধানে পরিচালিত "স্পেশাল কম্বিনেশান এ্যান্ড ভ্যারিয়েশন এন সোসিও ইকোনমিক ক্যারেকটার ইসটিক্স ইন ঢাকা সিটিঃ এ্যান ইকোলজিক্যাল স্ট্যাডি (১৯৮৮)" শীর্ষক অভিসন্দর্ভ রচনার জন্য মাসফেরা বেগমকে পিএইচডি দেয়া হয়।

বাংলা বিভাগের অধীনে মোঃ গিয়াস উদ্দিনকে তার "বাংলাদেশের আঞ্চলিক উপন্যাস (১৯৪৭-৮৬)" শীর্ষক অভিসন্দর্ভ রচনার জন্য এমফিল ডিগ্রী প্রদান করা হয়। তার গবেষণার তত্ত্বাবধায়ক ছিলেন অধ্যাপক সৈয়দ আকরাম হোসেন। ভূগোল বিভাগের অধীনে আক্তার জাহানকে তাঁর "ফারটিলিটি প্যাটার্ন এ্যান্ড ফ্যামিলি প্লানিং প্রাকটিস অ্যামং মেরিড ওয়ার্কিং এ্যান্ড ননওয়ার্কিং উইমেন ইন টু সিলেকটেড এ্যারিয়াস অব ঢাকা সিটি" শীর্ষক অভিসন্দর্ভ রচনার জন্য এমফিল ডিগ্রী দেয়া হয়। তাঁর গবেষণার তত্ত্বাবধায়ক ছিলেন ডঃ রোজী এম আহসান। খবর প্রেস বিজ্ঞপ্তির।